



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১২৩০১৯৩/১০৬/৪/ নথি নং- লালমনিরহাট- ২৫

তারিখঃ ১৩ .০১.২০১৯খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলাধীন বাউরা দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্তকৃত) অত্র বোর্ড কর্তৃক অনুমোদিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অভিযোগ দাখিল করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, নিয়মিত কমিটি গঠনের সময় শেষ হলেও অত্র মাদ্রাসার সহ সুপার জনাব আবুল কালামের উপর সভাপতি সাহেব বল প্রয়োগ করে ব্যাক ডেট দিয়ে গোপনে ম্যানেজিং কমিটি গঠন করেন। উক্ত কমিটির ৩ নং দাতা সদস্য বৈধ নহে। ৪ এবং ৭ নং অভিভাবক সদস্যের কোনো সন্তান অত্র প্রতিষ্ঠানে লেখা-পড়া করেন না। ৫ নং অভিভাবক সদস্য অত্র প্রতিষ্ঠানে জুনিয়র মৌলভী শিক্ষক। এছাড়াও সভাপতি সাহেব মিথ্যা, বানোয়াট মামলা দিয়ে তাকে গ্রেফতার করান ও ম্যানেজিং কমিটির মাধ্যমে সাময়িক বরখাস্ত করান। জ্যেষ্ঠতা না মেনে সভাপতি তার পছন্দের লোক দিয়ে ভারপ্রাপ্ত সুপার বানিয়ে নানা অনিয়ম, স্বেচ্ছাচারিতা, মাদ্রাসার অর্থ তছরূপ করছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় সংশ্লিষ্ট অভিযোগসহ মাদ্রাসার সার্বিক বিষয় সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ১২/১/১৯ পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার,  
পাটগ্রাম, লালমনিরহাট।

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১২৩০১৯৩/১০৬/৪/ নথি নং- লালমনিরহাট- ২৫

তারিখঃ ১৩ .০১.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, লালমনিরহাট।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাটগ্রাম, লালমনিরহাট।
৩. সভাপতি/ ভারপ্রাপ্ত সুপার, বাউরা দাখিল মাদ্রাসা।  
ডাকঘর: বাউড়া, উপজেলা: পাটগ্রাম, জেলা: লালমনিরহাট।
৪. সুপার (সাময়িক বরখাস্ত কৃত), বাউরা দাখিল মাদ্রাসা।  
ডাকঘর: বাউরা, উপজেলা: পাটগ্রাম, জেলা: লালমনিরহাট।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪